সিনিয়র সিস্টেম এনালিস্ট
◇ সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
◇ প্রোগ্রামার
◇ সহকারী প্রোগ্রামার
◇ সঃমেঃই-১/ সঃই-২
◇ নথি
ডাইরি নং
তারিখঃ 13/01/2020

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

২০১৯-২০২০ অর্থবছরের নভেম্বর ২০১৯ পর্যন্ত বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমুহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	২৯ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১০:০১ মিনিট
স্থান	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	...

১. উপস্থাপনা

সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান সভাকে অবহিত করেন যে, ২০১৯-২০২০ অর্থবছরে এডিপি'র আওতায় বৈদেশিক সহায়তাপুষ্ট ২৪টি প্রকল্প রয়েছে (টিএ ০৬টি, বিনিয়োগ ১৮টি)। প্রকল্পসমূহের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরে এডিপিতে প্রকল্প সাহায্য খাতে ৯৩০৬.৪৪ কোটি টাকা বরাদ্দ রয়েছে। নভেম্বর ২০১৯ পর্যন্ত প্রকল্প সাহায্য খাতে বরাদ্দকৃত অর্থের মধ্যে ১২৩৭.৯৯ কোটি টাকা (১৩.৩০%) ব্যয় করা হয়।

২. উন্নয়ন সহযোগী সংস্থাভিত্তিক প্রকল্পওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
সংস্থা : ডিএমটিসিএল			
১. ঢাকা মাস ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট(এমআরটি লাইন-৬) (১/৭/১২-৩০/৬/২৪)	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, নির্ধারিত সময়ে এমআরটি লাইন-৬ এর কাজ সম্পন্ন করার জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা ভিত্তিক বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। কমলাপুর এলাকায় ট্রান্সপোর্ট হাব নির্মাণের বিষয়ে গঠিত Professional Technical Team-এ ডিএমটিসিএল এর প্রতিনিধিকে পর্যবেক্ষক হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। ২০১৯-২০২০ অর্থবছরের প্রস্তাবিত আরএডিপি'তে বৈদেশিক সহায়তা খাতের বরাদ্দ হ্রাসের বিষয়ে সভায় আলোচনা করা হয়। অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে আরএডিপি বরাদ্দ প্রস্তাব অধিকতর পর্যালোচনার নির্দেশনা প্রদান করা হয়। সভায় পিএ খাতে বরাদ্দ হ্রাসের বিষয়ে ইআরডি'র সচিব মহোদয় কর্তৃক প্রেরিত ডিও পত্রের আলোকে যথাযথ ব্যাখ্যা ও এর বিপরীতে কোন কারণে কত টাকা ব্যয় করা যাবে না তা সুনির্দিষ্ট করে জবাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়।	ক) এ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে প্রকল্পের আরএডিপি বরাদ্দ প্রস্তাব হ্রাস করার প্রকৃত কারন পর্যালোচনার নিমিত্ত একটি সভা আয়োজন করতে হবে। তদঅনুযায়ী ইআরডিতে প্রেরণ করতে হবে। খ) সংশোধিত এডিপি'তে বরাদ্দ প্রস্তাব বাস্তবতার নিরিখে যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে। গ) প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। (ঘ) পিএ খাতের বরাদ্দ হ্রাস করার বিষয়ে ইআরডি'র সচিব কর্তৃক প্রেরিত ডিও পত্রের আলোকে যথাযথ ব্যাখ্যা এ বিভাগে প্রেরন করতে হবে।	পরিকল্পনা উইং প্রকল্প পরিচালক, ডিএমটিসিএল

২. টিএ ফর এমআরটি লাইন-১ (ইঞ্জিনিয়ারিং সার্ভিস) (১/৭/১৭-৩০/৬/২২)	সভায় জানানো হয় যে, প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতির প্রতিবেদন নিয়মিত প্রেরণ করা হবে এবং পিআইসি সভার প্রস্তুতি নেয়া হচ্ছে। পিআইসি সভার পর কার্যপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে এবং তদানুযায়ী পিএসসি সভা করা যেতে পারে।	ক) নিয়মিত পিআইসি ও পিএসসি সভা আহবান করতে হবে। খ) আরএডিপি বরাদ্দ চাহিদা বাস্তবতার নিরিখে যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে।	প্রকল্প পরিচালক ও ডিএমটিসিএল
৩. এমআরটি লাইন-১ নির্মাণ (০১/০৭/২০১৯-৩১/১২/২০২৬)	ডিএমটিসিএল এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, এ প্রকল্পের বিপরীতে কোন কার্যক্রম শুরু করা হয়নি ও অর্থ বরাদ্দ পাওয়া যায়নি। তবে আরএডিপি'তে জিওবি খাতে ৭০০ কোটি টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে। সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, বাজেট বরাদ্দের সীমাবদ্ধতা বিবেচনায় এ অর্থবছরে অবশিষ্ট সময়ে এ অর্থ ব্যয় করা যাবে কিনা সে বিষয়ে পর্যালোচনা করতে হবে।	ক) এ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে প্রকল্পের আরএডিপি বরাদ্দ প্রস্তাব পর্যালোচনার নিমিত্ত একটি সভা আয়োজন করতে হবে। খ) ভূমি অধিগ্রহণের অগ্রগতি ও টাইম লাইনসহ চাহিদাকৃত অর্থ ব্যয়ের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা এ বিভাগে দাখিল করতে হবে।	পরিকল্পনা উইং ও প্রকল্প পরিচালক
৪. এমআরটি লাইন-৫ (নর্দান রুট) নির্মাণ (০১/০৭/২০১৯-৩১/১২/২০২৮)	ডিএমটিসিএল এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, এ প্রকল্পের বিপরীতে কোন কার্যক্রম শুরু করা হয়নি ও অর্থ বরাদ্দ পাওয়া যায়নি। কর্মপরিকল্পনা চূড়ান্ত করে প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে শুরু করার নির্দেশনা প্রদান করা হয়।	কর্মপরিকল্পনা চূড়ান্ত করে প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে শুরু করতে হবে।	প্রকল্প পরিচালক
সংস্থা : বিআরটিসি			
৫. বিআরটিসি'র জন্য বাস সংগ্রহ (১/২/১৬-৩১/১২/১৯)	প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পটি নির্ধারিত সময়ে সমাপ্ত হবে। অতিরিক্ত অর্থ বরাদ্দ নিশ্চিত করা হয়েছে। প্রকল্পের আওতায় সংগৃহীত বাসসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণে অধিকতর যত্নশীল হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	ক) প্রকল্পের আওতায় সংগৃহীত বাসসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণে অধিকতর যত্নশীল হতে হবে। খ) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের পিসিআর এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। (গ) সংগৃহীত বাসের বিস্তারিত একটি প্রতিবেদন আগামী সভায় দাখিল করতে হবে।	বিআরটিসি ও প্রকল্প পরিচালক
জিওবি প্রকল্প ৬. দক্ষ চালক তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য বিআরটিসি'র ০৩টি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও ১৭টি প্রশিক্ষণ কেন্দ্র অধুনিকায়ন ও শক্তিশালীকরণ (১/২/১৮-৩০/৬/২০)	সভায় অবহিত করা হয় যে, প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করার লক্ষ্যে কাজ চলমান রয়েছে। নির্মিতব্য প্রশিক্ষণ কেন্দ্রসমূহে অধিক সংখ্যক ড্রাইভার/প্রশিক্ষণার্থীদেরকে মানসম্মত প্রশিক্ষণ নিশ্চিত করার জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়নের নির্দেশনা প্রদান করা হয়।	নির্মিতব্য প্রশিক্ষণ কেন্দ্রসমূহে অধিক সংখ্যক ড্রাইভার/প্রশিক্ষণার্থীদেরকে মানসম্মত প্রশিক্ষণ নিশ্চিত করার জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ করতে হবে।	প্রকল্প পরিচালক ও চেয়ারম্যান, বিআরটিসি
সংস্থা : ডিটিসিএ			
৭. ঢাকা ইনট্রিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট (১/৭/১৫-৩১/১২/১৯)	সভায় অবহিত করা হয় যে, ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রকল্পের সকল কাজ ডিসেম্বর/২০১৯ এর মধ্যে সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করা হবে।	প্রকল্পের পিসিআর নির্ধারিত সময়ের মধ্যে এ বিভাগে দাখিল করতে হবে।	প্রকল্প পরিচালক

৮. দি ফিজিবিলিটি স্ট্যাডি অন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট (এমআরটি লাইন-১ এন্ড এমআরটি লাইন-৫) প্রজেক্ট (১/১/১৭ -৩১/১২/১৯)	প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির জন্য গত ২১/১১/২০১৯ তারিখে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে ইতোমধ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ অনাপত্তি জ্ঞাপন করেছে। বিষয়টি বর্তমানে পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে। মেয়াদ বৃদ্ধির বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখার পরামর্শ দেয়া হয়।	মেয়াদ বৃদ্ধির বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রেখে মেয়াদ বৃদ্ধি নিশ্চিত করতে হবে।	প্রকল্প পরিচালক
জিওবি প্রকল্প ৯. দি ফিজিবিলিটি স্ট্যাডি অন বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) লাইন-৭ (০১-০৯-২০১৮ হতে ২৯-০২-২০২০)	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। পরামর্শক কর্তৃক ইনসেপশন রিপোর্ট দাখিল করেছে। উক্ত ইনসেপশন রিপোর্টের ওপর ডিটিসিএ সভাকক্ষে একটি ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ দেয়া হয়।	প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিকল্পনা উইং ও প্রকল্প পরিচালক
সংস্থা : সড়ক ও জনপথ অধিদপ্তর			
১০. তৃতীয় কর্ণফুলী সেতু নির্মাণ (১/৭/০৩-৩১/১২/১৯)	প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের কাজ যথাযথভাবে সম্পন্ন হয়েছে। প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজ উদ্বোধন করার জন্য তথ্য/উপাত্ত ইতোমধ্যে মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে। শীঘ্রই প্রকল্পের আওতায় নির্মিত ব্রীজ সওজ'কে হস্তান্তর করা হবে।	(ক) নির্মিত সড়ক অবকাঠামো আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ) প্রকল্পের পিসিআর নির্ধারিত সময়ের মধ্যে এ বিভাগে দাখিল করতে হবে।	সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক
১১. নারায়ণগঞ্জের বন্দর উপজেলায় ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মান প্রকল্প (১/১১/১০-৩০/৬/২১)	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, অনুমোদিত সংশোধিত নকশা অনুসারে ঠিকাদার কর্তৃক সংশোধিত বিওকিউ প্রস্তুত চলমান আছে। সংশোধিত বিওকিউ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বকেয়া বিল পরিশোধ করা হবে। আরএডিপি'তে বরাদ্দ হ্রাস করা প্রয়োজন হবে।	ক) আরএডিপি বরাদ্দ চাহিদা বাস্তবতার নিরিখে যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে। খ) প্রকল্পের বাস্তব অগ্রগতি নির্ধারিত লক্ষ্যমাত্রায় অর্জন করতে হবে।	সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক
১২. বরিশাল-পটুয়াখালী মহাসড়কে পায়রা নদীর উপর পায়রা সেতু (লেবুখালী সেতু) নির্মাণ (১/৪/১২-৩০/৪/২১)	ঠিকাদার কর্তৃক দাবিকৃত বর্ধিত সময়ের আবেদনটি পরীক্ষা নিরীক্ষা করতঃ কার্যচুক্তি শর্তের আলোকে সময় বর্ধিতকরণের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় জানানো হয়। সভায় আরও জানানো হয় যে, সেতুর দুই পার্শ্বে ২টি Way Bridge এর ডিজাইন Modification প্রয়োজন হবে। ভূমি অধিগ্রহণের প্রয়োজন হবে।	ক) ঠিকাদারের মেয়াদ বৃদ্ধির বিষয়টি যৌক্তিকতার আলোকে নির্ধারণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। খ) Way Bridge এর ডিজাইন Modification দ্রুত চূড়ান্ত করতে হবে।	প্রকল্প পরিচালক

১৩. গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি গাজীপুর-এয়ারপোর্ট) (১/১২/১২-৩০/৬/২০)	সভাকে অবহিত করা হয় যে, বিআরটি কোম্পানির আইন অনুযায়ী বিধি প্রণয়ন কাজ চলমান রয়েছে। বাসের স্পেশিফিকেশনের Draft Final Report দাখিল করা হয়েছে। কমিটির সুপারিশক্রমে বোর্ড সভার অনুমোদনের পরবর্তীতে বাস ক্রয়ের দরপত্র আহবান করা হবে। প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্তির লক্ষ্যে ঠিকাদার রিভাইজড ওয়ার্ক প্রোগ্রাম এখনো দাখিল করেননি যা অনভিপ্রেত। প্রকল্প কাজের মনিটরিং ব্যবস্থা সন্তোষজনক নয় বিধায় মনিটরিং আরো জোরদার করা দরকার। কাজ করা হচ্ছে তা দ্রুত শেষ করে এমনভাবে ড্রেসিং করে দিতে হবে যাতে যানবাহন চলাচলে কোনো সমস্যা না হয়।	ক) নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্তির লক্ষ্যে রিভাইজড ওয়ার্ক প্রোগ্রাম চূড়ান্ত করে আগামী এক মাসের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে। খ) প্রকল্পের মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। (গ) প্রকল্পের যে অংশের কাজ শেষ হবে বা বেইজ পর্যন্ত উঠে এসেছে সেখানে ভালোভাবে লেবেলিং-ড্রেসিং করে দিতে হবে, যাতে যানবাহন চলাচলে কোনো সমস্যা না হয়।	সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক
১৪. SASEC Road Connectivity: Improvement of Joydebpur-Chandra-Tangail-Elenga-Road (N-4) to 4-lane Highway (৭/৪/১৩-৩০/৬/২০)	প্রকল্প পরিচালক জানান যে, ভূমি অধিগ্রহণ সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয় টাঙ্গাইল ও গাজীপুর জেলার জেলা প্রশাসকের সাথে কথা বলেছেন। প্রকল্পের কার্যক্রম অগ্রগতি ভাল। জুন ২০২০-এর মধ্যে সড়কের কাজ সমাপ্ত করা সম্ভব হলেও ফ্লাইওভারের কাজ সম্পন্ন করা সম্ভব হবে না। ফলে প্রকল্পের সময় বৃদ্ধির প্রয়োজন হবে। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি উল্লেখ করেন যে, কাদের জন্য প্রকল্পের ব্যয় ও মেয়াদ বাড়ছে সে বিষয়ে মন্ত্রণালয়ের গভীর মনোনিবেশ দরকার। মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুত এ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	ক) প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধির কারণ অনুসন্ধানপূর্বক প্রধান প্রকৌশলী এ বিভাগে একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল করবেন এবং মেয়াদ বৃদ্ধির প্রস্তাব নির্ধারিত সময়ের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। (খ) প্রকল্প পরিচালক অনুমোদিত কর্মপরিকল্পনা এ বিভাগে দাখিল করবে যা অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে সভা আহবান করে চূড়ান্ত করা হবে।	প্রকল্প পরিচালক
১৫. ২য় কাঁচপুর, ২য় মেঘনা, ২য় গোমতী সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতু সমুহের পুনর্বাসন প্রকল্প	সভায় অবহিত করা হয় যে, প্রকল্পের মূল কাজ শেষ পর্যায়ে রয়েছে। বর্তমানে বিদ্যমান সেতুসমূহের পুনর্বার্সন কার্যক্রম এবং নতুন সেতুর ফিনিশিং এর কাজ (রোড মার্কিং, ট্রাফিক সাইন, লাইটিং পোস্ট ইত্যাদি) সম্পন্নের পর্যায়ে রয়েছে। পথচারীদের নিরাপদ পারাপারের জন্য নির্মিতব্য ফুটওভার ব্রীজ এর নকশা প্রণয়ন চূড়ান্ত পর্যায়ে রয়েছে। প্রকল্প পরিচালক জানান যে, মদনপুর ইন্টারসেকশনে ওভারপাস নির্মাণ করা জরুরী এবং তা পৃথক প্রকল্পের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। এ বিষয়ে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর অভিমত প্রদান করেন যে, জাইকার সাথে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা প্রয়োজন।	মদনপুর ইন্টারসেকশনে ওভারপাস নির্মাণ বিষয়ে জাইকার সাথে অফিসিয়াল আলোচনা করতঃ এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক ও সওজ অধিদপ্তর

১৬. মাতারবাড়ি কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক নির্মাণ (১/৭/১৫-৩০/৬/২০)	অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান যে, ইতোমধ্যে প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়েছে এবং দ্রুত পরিদর্শন প্রতিবেদন প্রদান করা হবে। প্রকল্প পরিচালক অবহিত করেন যে, রেট পরিবর্তনের কারণে ডিপিপি সংশোধনের প্রয়োজন হবে।	ক) কমিটির রিপোর্ট দাখিল নিশ্চিত করবে। খ) ডিপিপি সংশোধনের উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক
১৭. ডব্লিউবিবিআইপি (১/১০/১৫-৩০/৬/২০)	ঝিনাইদহ জেলায় ধোপাঘাটা ব্রিজ নির্মাণকালে গার্ডার পড়ে যাওয়ার বিষয়টি ইতোমধ্যেই সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক গঠিত পৃথক ০২টি দল পৃথক পৃথকভাবে পরিদর্শন প্রতিবেদন সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বরাবরে প্রেরণ করেছেন। তাছাড়া প্রধান প্রকৌশলী, সওজ কর্তৃক এ বিষয়ে তদন্তের জন্য স্মারক নং-৪৬৯-প্রঃপ্রঃ তারিখ: ০১/১০/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি ইতোমধ্যে প্রকল্প সাইট পরিদর্শন করেছেন। ভূঁইয়াগাতি ব্রীজ ও এপ্রোচ সড়ক আসন্ন রমজানের পূর্বে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়।	ক) সওজ অধিদপ্তর কর্তৃক গঠিত তদন্ত কমিটি দ্রুত তদন্ত প্রতিবেদন দাখিল করবে। খ) মনিটরিং টীমের সুপারিশ মোতাবেক প্রকল্প কার্যালয় ও সিরাজগঞ্জ সড়ক বিভাগের মধ্যে সমন্বয়পূর্বক ভূঁইয়াগাতি ব্রীজ ও ব্রীজ এপ্রোচ সড়ক আসন্ন রমজানের পূর্বে সম্পন্ন করতে হবে।	সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক
১৮. ক্রস-বর্ডার রোড নেটওয়্যাক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ) (১/৪/১৬-৩০/৬/২২)	সভাকে অবহিত করা হয় যে, প্রকল্প কার্যালয় হতে নিয়মিত প্রকল্প কার্যক্রম পরিদর্শন করা হয়। এ অর্থবছরের নির্ধারিত আর্থিক ও বাস্তব অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। যুগ্মপ্রধান সভাকে অবহিত করেন যে, পিআইসি ও পিএসসি সভার সুপারিশের আলোকে ব্রীজ নির্মাণের বিষয়াদি নিশ্চিত করা প্রয়োজন। এছাড়া, পরামর্শকের টেকনিক্যাল রিপোর্ট সওজ অধিদপ্তর কর্তৃক ভেটিং হওয়া প্রয়োজন।	দ্রুত পিআইসি ও পিএসসি সভা আয়োজন করতে হবে।	সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক
১৯. সাসেক সংযোগ সড়ক-২: হাটিকামরুল- রংপুর জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ (০১/৯/১৬-৩১/৮/২১)	সভায় অবহিত করা হয় যে, সিরাজগঞ্জের ধোপাকান্দি-তে স্টিল ব্রীজের নির্মাণ সিরাজগঞ্জ সড়ক বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন আছে। দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াধীন। প্রকল্প কার্যালয় সিরাজগঞ্জ সড়ক বিভাগের সাথে সমন্বয় করে স্টীল ব্রীজের নির্মাণ কাজ ঈদুল ফিতরের পূর্বে সমাপ্ত হবে। প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় অতিরিক্ত ভূমি ও অর্থের পরিমাণ এবং তার সুনির্দিষ্ট হিসাব প্রণয়ন করে ডিপিপির সংশোধন করা প্রয়োজন।	ক) প্রকল্প কার্যালয় সিরাজগঞ্জ সড়ক বিভাগের সাথে সমন্বয় করে ঈদুল ফিতরের পূর্বে ধোপাকান্দি ব্রীজের নির্মাণ কাজ সম্পন্ন করে জনসাধারণের জন্য উন্মুক্ত করতে হবে। খ) বাস্তবতার নিরিখে প্রকৃত কারণ ব্যাখ্যাপূর্বক ডিপিপি সংশোধনের প্রস্তাব প্রণয়ন করতে হবে।	প্রকল্প পরিচালক

২০. সড়ক ও জনপথ অধিদপ্তরের জন্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সংগ্রহ (১/১/১৭-৩০/০৬/২০)	সভায় জানানো হয় যে, ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী এক্সিম ব্যাংকের সাথে সওজ অধিদপ্তরের আলোচনা সভা গত ২৪/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়েছে। এক্সিম ব্যাংক টেন্ডার ডকুমেন্ট পর্যালোচনা করবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল অঙ্গের কাজ সম্পন্নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল অঙ্গের কাজ সম্পন্ন করার লক্ষ্যে এক্সিম ব্যাংকের মতামতসহ প্রধান প্রকৌশলী সভা করে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক
২১. আশুগঞ্জ নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে ৪-লেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ (১/৪/১৭-৩০/৬/২০)	প্রকল্প পরিচালক অবহিত করেন যে, ক্রয় কার্যক্রম শুরুর জন্য অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজন রয়েছে, যার জন্য এক্সিম ব্যাংকের সম্মতি পাওয়া গিয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বিধি মোতাবেক টেন্ডার প্রক্রিয়া শুরু করার নির্দেশনা প্রদান করা হয়।	নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৩য় প্যাকেজের টেন্ডার প্রক্রিয়া শুরু করতে হবে।	প্রকল্প পরিচালক
২২. রাজাপুর-নৈকাঠি-বেকুটিয়া-পিরোজপুর সড়কের (জেড-৮৭০২) ১২তম কিলোমিটারে বেকুটিয়া কঁচা নদীর উপর ৮ম বাংলাদেশ চীন মৈত্রী সেতু নির্মাণ (১/১০/১৭-৩১/১২/২১)	প্রকল্প পরিচালক জানান কাজের অগ্রগতি ভালো। নিয়মিত মনিটরিং অব্যাহত থাকলে নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হবে। প্রকল্পের কাজে সন্তোষজনক অগ্রগতি সাধন করায় প্রকল্প পরিচালককে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	ক) প্রকল্পের নিয়মিত মনিটরিং অব্যাহত রাখতে হবে। খ) প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব দ্রুত এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	প্রকল্প পরিচালক ও সওজ অধিদপ্তর
২৩. ইমারজেন্সি এসিস্ট্যান্স প্রজেক্ট কক্সবাজার-টেকনাফ রোড (এন-১) ইমপ্রুভমেন্ট প্রজেক্ট ১/১০/১৮-৩০/৬/২১)	সভায় অবহিত করা হয় যে, প্রকল্পের কাজের গতি বৃদ্ধি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শীঘ্রই প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হবে। ব্যয়ের অগ্রগতি অব্যাহত রেখে নির্ধারিত সময়ে প্রকল্পটি সম্পন্ন করার পরামর্শ দেয়া হয়।	ব্যয়ের অগ্রগতি অব্যাহত রেখে নির্ধারিত সময়ে প্রকল্পটি সম্পন্ন করতে হবে।	প্রকল্প পরিচালক
২৪. Technical Assistance for Sub-Regional Road Transport Project Preparatory Facility-II (১/৭/১৫-৩০/৬/১৯)	ভায় অবহিত করা হয় যে, নৌ-পরিবহন মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয়ের সাথে গত ২০/১১/২০১৯ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত কমিটির সাথে সংশ্লিষ্ট সেতুসমূহ কেইস বাই কেইস সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। যশোর বেনাপোল সড়কের ডিজাইন দ্রুত চূড়ান্ত করাসহ ডিপিপি প্রনয়ন করার নির্দেশনা প্রদান করা হয়।	যশোর বেনাপোল সড়কের ডিজাইন দ্রুত চূড়ান্ত করতে হবে এবং ডিপিপি প্রনয়ন করে এ বিভাগে দাখিল করতে হবে।	প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক
অন্যান্য প্রকল্পসমূহ			
২৫. ঢাকা সার্কুলার রুট	প্রকল্পটি গ্রহণ ও বাস্তবায়ন বিষয়ে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়নের নির্দেশনা প্রদান করা হয়।	প্রকল্পটি গ্রহণ ও বাস্তবায়ন বিষয়ে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।	প্রকল্প পরিচালক ও প্রধান প্রকৌশলী
২৬. সীতাকুন্ড-চট্টগ্রাম-কক্সবাজার ৪-লেনের মেরিন ড্রাইভ এক্সপ্রেসওয়ে নির্মাণ	ফিজিবিলিটি স্ট্যাডি করার জন্য সংক্ষিপ্ত তালিকাভুক্ত পরামর্শকদের মধ্যে RFP ইস্যু করা হয়েছে। দ্রুত পরামর্শক নিয়োগ নিশ্চিত করার পরামর্শ দেয়া হয়।	দ্রুত পরামর্শক নিয়োগ নিশ্চিত করতে হবে।	সওজ অধিদপ্তর
২৭. পিপিপি তালিকাভুক্ত প্রকল্প	পিপিপি তালিকাভুক্ত প্রকল্পসমূহের ওপর একটি অবস্থানপত্র দাখিলের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।	পিপিপি তালিকাভুক্ত প্রকল্পসমূহের ওপর একটি অবস্থানপত্র দাখিল করতে হবে।	পিপিপি সেল প্রধান ও সওজ অধিদপ্তর

৩. আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রকল্প বাস্তবায়নে আন্তরিক ও আরো উদ্যোগী হতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৫.১৯.১০ তারিখ: ২৫ পৌষ ১৪২৬
০৯ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

২) সচিব, অর্থ বিভাগ

৩) ভারপ্রাপ্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৪) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৬) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৭) ই-ইনসি, সেনা সদর, ঢাকা সেনানিবাস, ঢাকা

৮) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর

৯) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১০) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১১) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১২) নির্বাহী পরিচালক , ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

১৩) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ

১৪) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

১৫) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড

১৬) যুগ্ম প্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৭) মহাপরিচালক, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কনষ্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা

১৮) মহাপরিচালক, সদর দপ্তর ৩৪ ইঞ্জিনিয়ার কনষ্ট্রাকশন ব্রিগেড, দামপাড়া আর্মি ক্যাম্প, চট্টগ্রাম

১৯) অতিরিক্ত প্রধান প্রোকৌশলী, সওজ, ঢাকা জোন, ঢাকা

২০) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, চট্টগ্রাম জোন, চট্টগ্রাম

২১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, কুমিল্লা জোন, কুমিল্লা

২২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, রাজশাহী জোন, রাজশাহী

২৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, রংপুর জোন, রংপুর

২৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, খুলনা জোন, খুলনা

২৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, বরিশাল জোন, বরিশাল

২৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ময়মনসিংহ জোন, ময়মনসিংহ

২৭) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, গোপালগঞ্জ জোন, গোপালগঞ্জ

২৮) প্রকল্প পরিচালক, ঢাকা-সিলেট মহাসড়কের ভূলতায় ৪ লেন বিশিষ্ট ফ্লাইওভার নির্মাণ প্রকল্প, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

২৯) প্রকল্প পরিচালক, তৃতীয় কর্ণফূলী সেতু নির্মাণ, গড সাহেব রোড, হিলটপ, রহমতগঞ্জ, চট্টগ্রাম

৩০) প্রকল্প পরিচালক, নারায়নগঞ্জের বন্দর উপজেলায় ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প, বাসা নং-৬৮, সড়ক নং-১৮, ব্লক-এ, বনানী, ঢাকা

৩১) প্রকল্প পরিচালক, বরিশাল-পটুয়াখালী মহাসড়কে পায়রা নদীর উপর পায়রা সেতু (লেবুখালী সেতু) নির্মাণ, সড়ক গবেষণাগার, ঢাকা

৩২) সাসেক রোড কানেক্টিভিটি প্রজেক্টঃ ইমপ্রুভমেন্ট অব জয়দেবপুর-চান্দ্রা-টাঙ্গাইল-এলেঙ্গা রোড (এন-৪) টু ৪-লেইন হাইওয়ে, হাউজ নং ১২৯, সড়ক নং ১, ব্লক-এ, নিকেতন, গুলশান, ঢাকা ১২১২

৩৩) প্রকল্প পরিচালক, সাসেক সংযোগ সড়ক-২ : হাটিকামরুল-রংপুর জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ, সড়ক ভবন, তেজগাঁও,ঢাকা

৩৪) প্রকল্প পরিচালক, TA for Sub Regional Road Transport Project Preparatory Facility প্রকল্প, ১৩২ নিউ বেইলী রোড, শান্তি নগর, ঢাকা

৩৫) প্রকল্প পরিচালক, ওয়েস্টার্ন বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রকল্প (ডব্লিউবিবিআইপি), সেতু ভবন, বনানী, ঢাকা

৩৬) প্রকল্প পরিচালক, মাতারবাড়ি কয়লা চালিত বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক নির্মাণ, সেতু ভবন, বনানী, ঢাকা

৩৭) ৩৫। প্রকল্প পরিচালক, ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম সড়ক উন্নয়ন প্রকল্প, ময়মনসিংহ সড়ক সার্কেল, ময়মনসিংহ

৩৮) প্রকল্প পরিচালক, ক্রস-বর্ডার রোড নেটওয়াক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), বাড়ী নং-১০, রোড নং-১, ব্লক-এফ, বনানী, ঢাকা

৩৯) প্রকল্প পরিচালক (তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা সড়ক সার্কেল), এলেন বাড়ী, তেজগাঁও, ঢাকা

৪০) প্রকল্প পরিচালক, সড়ক ও জনপথ অধিদপ্তরের জন্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সংগ্রহ, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা

৪১) প্রকল্প পরিচালক, "আশুগঞ্জ নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে চারলেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ", সড়ক ভবন, কুমিল্লা

৪২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর

৪৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর

৪৪) উপসচিব, রক্ষনাবেক্ষণ শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৪৫) উপসচিব, জিএফডিপি শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৪৬) উপসচিব, ডিএফডিপি শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৪৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৪৮) উপ প্রধান, পরিকল্পনা ও কার্যক্রম, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৪৯) উপ প্রধান, সওজ জিওবি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৫০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৫১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং সার্কেল, সড়ক ও জনপথ অধিদপ্তর

৫২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্লানিং এন্ড প্রোগ্রামিং সার্কেল, সড়ক ও জনপথ অধিদপ্তর

৫৩) নির্বাহী প্রকৌশলী, প্রোগ্রামিং বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর

৫৪) নির্বাহী প্রকৌশলী, ইভ্যালুয়েশন বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর

৫৫) সিনিয়র সহকারী প্রধান, বৈদেশিক সহায়তা শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৫৬) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

আবদুল্লাহ-আল-মাসুদ
সিনিয়র সহকারী প্রধান